**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 11/2/2022 **গভর্নর ক্যাথি হোকল**

# গভর্নর হোকল এবং সংখ্যাগরিষ্ঠ নেতা শুমার ঘোষণা করলেন প্রধান সেমিকন্ডাক্টর সরবরাহ চেইন প্রস্তুতকারক এডওয়ার্ডস ভ্যাকুয়াম জেনেসি কাউন্টিতে 319 মিলিয়ন মার্কিন ডলারের ফ্যাসিলিটি গঠন করবে

***সেমিকন্ডাক্টর শিল্পখাতের ব্রিটিশভিত্তিক এই নেতা 240,000 বর্গফুটের ফ্যাসিলিটি নির্মাণ করবে, ওয়েস্টার্ন নিউ ইয়র্কের STAMP বিজ্ঞান ও প্রযুক্তির আধুনিক প্রস্তুতকারক পার্কে 600 চাকরি তৈরি করবে***

***বিনিয়োগটি মাইক্রন টেকনোলজির ঐতিহাসিক 100 বিলিয়ন মার্কিন ডলার প্রতিশ্রুতির অনুবর্তী, এটি আপস্টেট নিউ ইয়র্কের আধুনিক উৎপাদন ও সেমিকন্ডাক্টর করিডোরকে আরো বলীয়ান করে***

***এছাড়াও "ফিঙ্গার লেকস ফরোয়ার্ডকে" অগ্রসর করে, এটি সম্প্রদায়সমূহকে পুনরুজ্জীবিত করতে এবং অর্থনীতির বিকাশে অঞ্চলটির সার্বিক কৌশল***

গভর্নর ক্যাথি হোকল এবং মার্কিন সিনেটের সংখ্যাগরিষ্ঠ নেতা চার্লস শুমার আজকে ঘোষণা করলেন যে সেমিকন্ডাক্টর শিল্পখাতের ভ্যাকুয়াম ও শিথিলতা সরঞ্জামে ব্রিটিশভিত্তিক বিশ্বনেতা এবং অ্যাটলাস কপকো গ্রুপের (Atlas Copco Group) অংশ, এডওয়ার্ডস ভ্যাকুয়াম (Edwards Vacuum) তাদের নতুন 319 মিলিয়ন মার্কিন ডলারের মার্কিন ড্রাই পাম্প উৎপাদন ফ্যাসিলিটির অবস্থান হিসেবে জেনেসি কাউন্টির ওয়েস্টার্ন নিউ ইয়র্ক বিজ্ঞান ও প্রযুক্তি আধুনিক প্রস্তুতকারক পার্ককে (Science & Technology Advanced Manufacturing Park, STAMP) নির্বাচিত করেছে। নতুন কারখানায় উৎপাদিত ড্রাই পাম্প প্রযুক্তি সেমিকন্ডাক্টর উৎপাদন প্রক্রিয়ার অতি সংবেদনশীল পরিবেশ নিয়ন্ত্রণ করার একটি অত্যাবশ্যকীয় উপাদান। এডওয়ার্ডস ভ্যাকুয়ামের 240,000 বর্গফুট ক্যাম্পাসের প্রথম পর্যায়ে রয়েছে উৎপাদন, গুদামঘর এবং প্রশাসন। নিউ ইয়র্ক স্টেটে বিনিয়োগ করার সেমিকন্ডাক্টর উৎপাদন সরবরাহ চেইনের একটি বৈশ্বিক নেতার এই নতুন প্রতিশ্রুতি সেন্ট্রাল নিউ ইয়র্কে মাইক্রনের নজিরবিহীন 100 বিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগের উপর ভিত্তি করে হচ্ছে।

"এডওয়ার্ডস ভ্যাকুয়ামের এই প্রধান বিনিয়োগটি নিউ ইয়র্ককে সেমিকন্ডাক্টর উৎপাদনের একজন নেতা হিসেবে নিশ্চিত করতে আমাদের গতিবেগের উপর ভিত্তি করে হচ্ছে," **গভর্নর হোকল বলেন।** "সেন্ট্রাল নিউ ইয়র্কে মাইক্রনের 100 বিলিয়ন মার্কিন ডলারের প্রতিশ্রুতির পর,

এবং একইসাথে নিউ ইয়র্কের সবুজ CHIPS বিধিমালা (Green CHIPS legislation) এবং ফেডারেল CHIPS ও বিজ্ঞান অ্যাক্টের (federal CHIPS and Science Act) পর, আমরা নিউ ইয়র্ককে আধুনিক উৎপাদনের বৈশ্বিক কেন্দ্র বানাতে এবং ভবিষ্যতের চাকরি আকৃষ্ট করতে সর্বকালের সেরা অবস্থানে রয়েছি। আমি জেনেসি কাউন্টিতে এডওয়ার্ডস ভ্যাকুয়ামকে স্বাগত জানাতে পেরে অতি আনন্দিত এবং তারা যেহেতু নিউ ইয়র্ককে তাদের বাড়ি বানাচ্ছে, তাই তাদের সাথে, এবং একইসাথে আমাদের স্থানীয়, স্টেট ও ফেডারেল অংশীদারদের সাথে কাজ করতে উন্মুখ।"

"CHIPS এবং বিজ্ঞান অ্যাক্টটি আরেকবার আপস্টেট নিউ ইয়র্কের জন্য ফল নিয়ে আসছে," ব**লেন সিনেটের সংখ্যাগরিষ্ঠ নেতা চার্লস শুমার।** "আমি ঘোষণা করতে পেরে অতি আনন্দিত যে সেমিকন্ডাক্টর সরবরাহ চেইনের একটি মুখ্য পক্ষ, এডওয়ার্ডস ভ্যাকুয়াম, শীঘ্রই 300 মিলিয়ন মার্কিন ডলারের বেশি মূল্যের প্ল্যান্ট এবং 600 ভালো বেতনের চাকরি দ্বারা জেনেসি কাউন্টির ক্ষমতায়ন করবে! সেন্ট্রাল নিউ ইয়র্কে মাইক্রনের প্রধান বিনিয়োগ থেকে শুরু করে, মার্সিতে উলফস্পিডের (Wolfspeed) নতুন ফ্যাব, হাডসন ভ্যালিতে অনসেমির (onsemi) নতুন সূচনা, এবং ক্যাপিটাল রিজিয়নে গ্লোবালফাউন্ড্রিজের (GlobalFoundries) নতুন ফ্যাব গঠন পর্যন্ত, এবং এখন এডওয়ার্ডের ওয়েস্টার্ন নিউ ইয়র্কের STAMP সাইটে আমাদের সেমিকন্ডাক্টর সরবরাহ চেইনকে সুপারচার্জ করা পর্যন্ত, আপস্টেট নিউ ইয়র্ক চিপ শিল্পখাতের বৈশ্বিক কেন্দ্র হয়ে উঠছে। আমি এডওয়ার্ডস ভ্যাকুয়ামের শীর্ষ কর্মকর্তাদের গত মাসে বলেছি যে নতুন প্ল্যান্ট স্থাপন করার জন্য STAMP-র থেকে ভালো অবস্থান হতে পারে না এবং আমি খুশি যে তারা আমার আহ্বান শুনেছে। আমার CHIPS এবং বিজ্ঞান অ্যাক্টকে বিদ্যুতের কাঠি হিসেবে ব্যবহার করে আমরা এখন আপস্টেটের উৎপাদন খাতে অন্য যেকোনও সময়ের থেকে বেশি শক্তি প্রবাহ দেখতে পাচ্ছি, এবং ভবিষ্যতের মাইক্রোচিপ যাতে আমেরিকায় তৈরি পণ্য দ্বারা নিউ ইয়র্কের কর্মীদের হাতে নির্মিত হয় তা এই বিনিয়োগ আরো পাকাপোক্ত করবে।"

**এডোয়ার্ডসের সেমিকন্ডাক্টর ব্যবসার প্রেসিডেন্ট কেট উইলসন বলেন,** "আমি অতিশয় আনন্দিত যে আমরা নিউ ইয়র্কে নতুন এই ফ্যাসিলিটির ঘোষণা করছি। বর্ধনশীল চাহিদার প্রেক্ষাপটে, এটি স্পষ্ট যে আমাদের গ্রাহকদের কাছে অবস্থিত উৎপাদন ধারণক্ষমতায় বিনিয়োগ করার একটি বৃহত্তর চাহিদা রয়েছে, আমরা আমাদের কর্মকাণ্ডের পদচিহ্নে উল্লেখযোগ্য বিনিয়োগ অব্যাহত রাখতে প্রতিশ্রুতিবদ্ধ। আমরা যাতে বৈশ্বিক সেমিকন্ডাক্টর শিল্পখাতে ভ্যাকুয়াম ও শিথিলতা অংশীদার হিসেবে আমাদের অবস্থান ধরে রাখতে পারি তা নিশ্চিত করা অতি গুরুত্বপূর্ণ।"

এডওয়ার্ডস ভ্যাকুয়াম অভ্যন্তরীণ প্রশিক্ষণ ও শিক্ষা প্রদান করবে, যার ফলে প্রত্যেক কর্মী নিজেদের ক্যারিয়ারের সুযোগ অন্বেষণ ও অগ্রসর করতে পারবে। পাশাপাশি, এডওয়ার্ডস সুবিধাবঞ্চিত সম্প্রদায়সমূহ থেকে এন্ট্রি-;লেভেল কর্মী নিয়োগের জন্য এবং বিদ্যমান সম্প্রদায়ভিত্তিক নিয়োগ ও প্রশিক্ষণ কর্মসূচির সাথে অংশীদারিত্ব করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ, যাতে করে সাধারণ দক্ষতা এবং কারিগরি দক্ষতা উভয় প্রদান করা যায় যা সেই সম্প্রদায়গুলিতে পূর্বে উপলভ্য না থাকা চাকরির সুযোগ প্রদান করবে।

ওয়েস্টার্ন নিউ ইয়র্ক বিজ্ঞান ও প্রযুক্তি আধুনিক প্রস্তুতকারক পার্ক একটি 1,250 একরের মেগা সাইট যা নিউ ইয়র্কে সবুজ উৎপাদনের প্রবৃদ্ধির সম্মুখসারিতে রয়েছে। উচ্চ ধারণক্ষমতার, নিম্ন খরচের নবায়নযোগ্য বিদ্যুৎ প্রদান করার জন্য বাফেলো-রচেস্টার টেক করিডোরের (Buffalo-Rochester Tech Corridor) একটি কৌশলগত অবস্থানে অবস্থিত STAMP উদ্ভাবনী কোম্পানি থেকে 500 মিলিয়ন মার্কিন ডলারের বেশি বিনিয়োগ আকৃষ্ট করেছে। সাইটে 500 নির্মাণযোগ্য একর উপলভ্য আছে, 30 মাইলের মধ্যে 1.1 মিলিয়ন মানুষ আছে, এবং কাছের কলেজ ও ইউনিভার্সিটিগুলিতে বার্ষিক 30,000 প্রকৌশল শিক্ষার্থী ভর্তি হয়, তাই STAMP নিউ ইয়র্কের ক্রমবর্ধমান সেমিকন্ডাক্টর উৎপাদন, আধুনিক উৎপাদন এবং নবায়নযোগ্য উৎপাদন শিল্পকে ত্বরান্বিত করার অবস্থানে রয়েছে।

**এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের (Empire State Development, ESD) প্রেসিডেন্ট, প্রধান নির্বাহী কর্মকর্তা এবং কমিশনার হোপ নাইট বলেন,** "সেমিকন্ডাক্টর শিল্পখাতে সরবরাহ চেইন অংশীদারদের আকৃষ্ট করা নিউ ইয়র্ক স্টেটে আরো মজবুত ইকোসিস্টেম গঠনের একটি চাবিকাঠি। এডওয়ার্ডস ভ্যাকুয়ামের নতুন ফ্যাসিলিটির জন্য STAMP-কে বাছাই করা সেমিকন্ডাক্টর শিল্পখাতে একজন নেতা হিসেবে নিউ ইয়র্ক স্টেটকে আরো পাকাপোক্ত করে।"

**নিউ ইয়র্ক বিদ্যুৎ কর্তৃপক্ষের (New York Power Authority, NYPA) অন্তর্বর্তীকালীন প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী কর্মকর্তা জাস্টিন ই. ড্রিস্কল বলেন,** "এডওয়ার্ডস ভ্যাকুয়ামের STAMP বিনিয়োগ হলো সেমিকন্ডাক্টর উৎপাদনের ক্ষেত্রে একজন বৈশ্বিক নেতা হিসেবে নিউ ইয়র্কের উত্থানের প্রমাণস্বরূপ। নির্ভরযোগ্য সরবরাহ চেইন অংশীদার নিশ্চিত করা সেমিকন্ডাক্টর শিল্পখাতের জন্য অতি গুরুত্বপূর্ণ, এবং এধরনের প্রকল্প নিউ ইয়র্কের অনন্য বৈশিষ্ট্য প্রদর্শন করে যা এই শিল্পখাতটিকে এখানে প্রবৃদ্ধি করতে দিবে।"

এডওয়ার্ডস ভ্যাকুয়ামের সাথে চুক্তির অংশ হিসেবে, ESD পারফর্ম্যান্সভিত্তিক এক্সেলসিয়র কর্মসংস্থান কর ক্রেডিট (Excelsior Jobs Tax Credits), বিনিয়োগ কর ক্রেডিটে (Investment Tax Credits) সম্মিলিতভাবে 21 মিলিয়ন মার্কিন ডলার প্রদান ও করবে এবং কর্মীবাহিনী বিকাশ (Workforce Development) সমর্থনে এবং একটি বৈচিত্র্যময় ও অন্তর্ভুক্তিকর কর্মীবাহিনীর (Diverse and Inclusive Workforce) প্রশিক্ষণে অতিরিক্ত 1 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করবে, এর পরিবর্তে সেই অবস্থানে 600টি নতুন পূর্ণকালীন চাকরি তৈরি করতে হবে। পাশাপাশি নিউ ওয়ার্ক বিদ্যুৎ কর্তৃপক্ষের ট্রাস্টি বোর্ড ভবিষ্যতের একটি পাবলিক বৈঠকে নিম্ন ব্যয়ের নায়াগ্রা জলবিদ্যুতের জন্য একটি আবেদনের পর্যালোচনা করবে।

এডওয়ার্ডস ভ্যাকুয়াম পরবর্তী কোনও তারিখে জেনেসি কাউন্টি অর্থনৈতিক বিকাশ কেন্দ্রের (Genesee County Economic Development Center, GCEDC) সাথে একটি চুক্তির জন্য আবেদন করবে বলে আশা করা যাচ্ছে যাতে সম্পত্তি, বিক্রয়, এবং মর্টগেজ কর সহায়তার মাধ্যমে STAMP-এ কোম্পানিটির বিনিয়োগকে সমর্থন করা যায়। অনুরোধটি একটি GCEDC-নির্মিত সাইটে কোনও কোম্পানির প্রস্তাবিত সর্ববৃহৎ কর্মীবাহিনী ও মূলধন বিনিয়োগের প্রস্তাবনা হবে।

গত মাসে, সিনেটর শুমার ব্যক্তিগতভাবে এডওয়ার্ডস ভ্যাকুয়ামের প্রেসিডেন্ট গির্ট ফলেন্সকে ফোন করেছেন, তাকে তাগিদ দিয়েছেন যাতে বৈশ্বিক সেমিকন্ডাক্টর সরবরাহ চেইন কোম্পানিটি আপস্টেট নিউ ইয়র্কে নিজেদের সম্প্রসারণ করে। সিনেটর শুমারের দ্বিপক্ষীয় CHIPS ও বিজ্ঞান অ্যাক্ট সেমিকন্ডাক্টর উৎপাদন ফ্যাসিলিটির জন্য এবং এডওয়ার্ডস ভ্যাকুয়ামের মতো সরবরাহ চেইন অংশীদারদের জন্য একটি বিনিয়োগ কর ক্রেডিট তৈরি করে এবং একইসাথে আমেরিকান সেমিকন্ডাক্টর গবেষণা, বিকাশ, উৎপাদন ও কর্মীবাহিনীর প্রশিক্ষণের সূচনা করার জন্য 52 বিলিয়ন মার্কিন ডলার ফেডারেল প্রণোদনা নিয়ে আসে, যা এধরনের প্রথম, যাতে করে অন্য দেশ থেকে ভালো বেতনের চাকরি ফেরত আনা যায়, জাতীয় নিরাপত্তা জোরদার করা যায় এবং আমেরিকার প্রযুক্তিগত নেতৃত্ব পুনঃস্থাপন করা যায়। বিলটি এই প্রণোদনার প্রাপকদের জন্য উল্লেখযোগ্য কর্মী ও সম্প্রদায়ের বিনিয়োগ করা আবশ্যক করে যা ন্যায্য অর্থনৈতিক প্রবৃদ্ধিকে সমর্থন করে। এছাড়াও এডওয়ার্ডস ভ্যাকুয়ামের CHIPS এবং বিজ্ঞান অ্যাক্টের অধীনে প্রণোদনার জন্য আবেদন প্রত্যাশিত। শুমার দীর্ঘদিন ধরে STAMP-র বিকাশ এবং নতুন সেমিকন্ডাক্টর ও আধুনিক প্রস্তুতকারক কোম্পানিগুলিকে STAMP-এ অবস্থান গ্রহণ করতে আকৃষ্ট করাকে সমর্থন করেছেন। শুমার বলেন যে এইসব নতুন ফেডারেল ও স্টেট বিনিয়োগ আপস্টেট নিউ ইয়র্কজুড়ে একটি নতুন 'ইরি ক্যানাল' তৈরি করছে, হাডসন ভ্যালি থেকে ওয়েস্টার্ন নিউ ইয়র্কের STAMP পর্যন্ত সেমিকন্ডাক্টর শিল্পখাতে হাজার হাজার নতুন কর্মসংস্থান আকৃষ্ট করার মাধ্যমে।

সেমিকন্ডাক্টর এবং তাদের সরবরাহ চেইন অংশীদারগণ দেশের অর্থনৈতিক শক্তির জন্য অত্যাবশ্যকীয়, এগুলি আধুনিক ইলেক্ট্রনিকের মস্তিষ্ক হিসেবে কাজ করে এবং মার্কিন অর্থনৈতিক প্রবৃদ্ধি, জাতীয় নিরাপত্তা, এবং বৈশ্বিক প্রতিযোগিতার জন্য অতি গুরুত্বপূর্ণ প্রযুক্তি সম্ভব করে। এই শিল্পখাতটি মার্কিন যুক্তরাষ্ট্রে সরাসরি 277,000 জনের বেশি মানুষকে চাকরি প্রদান করে এবং 1.8 মিলিয়ন অতিরিক্ত অভ্যন্তরীণ চাকরির সমর্থন করে। সেমিকন্ডাক্টর মার্কিন রপ্তানির শীর্ষ পাঁচটির একটি, এবং এই শিল্পখাতটি শ্রমিক উৎপাদনশীলতার এক নম্বর অবদানকারী, যা খামার থেকে শুরু করে উৎপাদন পর্যন্ত — প্রায় সকল অর্থনৈতিক খাতের কার্যকারিতা ও দক্ষতার উন্নয়ন সমর্থন করে। এর পূর্বে এই বছরে, গভর্নর হোকল নিউ ইয়র্কের দেশের শীর্ষস্থানীয় সবুজ CHIP বিধিমালাকে আইনে পরিণত করতে স্বাক্ষর করেন, স্টেটে শীর্ষ সেমিকন্ডাক্টর ব্যবসাসমূহকে আকৃষ্ট করার জন্য এবং ভালো বেতনের চাকরি, টেকসই হওয়া, এবং সম্প্রদায়ের সুবিধার প্রতি প্রতিশ্রুতি নিশ্চিত করার জন্য।

সরবরাহ চেইনের সমস্যা এবং বৈশ্বিক চিপ উৎপাদনে মার্কিন যুক্তরাষ্ট্রের ভাগ হ্রাস পাওয়ার কারণে অর্থনীতির প্রতিটি ক্ষেত্রে অসঙ্গত কাঠিন্য এসেছে। মার্কিন চিপ উৎপাদন কমে যাওয়া দেশকে একাধিক অতি গুরুত্বপূর্ণ ক্ষেত্রে একটি কৌশলগত অসুবিধার অবস্থানে রাখে, যার মধ্যে জাতীয় নিরাপত্তা, প্রযুক্তিগত উদ্ভাবন এবং অর্থনৈতিক প্রবৃদ্ধি ও স্বাধীনতা রয়েছে। কারণ 300-র বেশি শিল্পখাত চিপস ব্যবহার করে, — গাড়ি থেকে শুরু করে সেলফোন— পর্যন্ত, এর ঘাটতি অন্যান্য ভোক্তা পণ্যের মূল্য বৃদ্ধি করে দেয়। এডওয়ার্ডস ভ্যাকুয়ামের নতুন ফ্যাসিলিটিটি নিউ ইয়র্কস্টেটকে মার্কিন যুক্তরাষ্ট্রে অত্যাবশ্যকীয় সেমিকন্ডাক্টর চাকরি ফেরত আনার ক্ষেত্রে জাতীয় নেতায় পরিণত করবে।

**প্রতিনিধি জো মোরেল বলেন,** "আমি যেই ফেডারেল CHIPS এবং বিজ্ঞান অ্যাক্ট পাশ করাতে সাহায্য করেছি তার উদ্দেশ্যে ঠিক এই ধরনের বিনিয়োগ সম্ভব করা ছিলো। আমরা আমাদের সরবরাহ চেইন মজবুত করতে, উৎপাদন বৃদ্ধি করতে, এবং আমাদের স্থানীয় অর্থনীতির প্রবৃদ্ধি করে আমাদের সম্প্রদায়ে ভালো বেতনের কর্মসংস্থান আনতে বাস্তব পদক্ষেপ গ্রহণ করছি। আমি দীর্ঘদিন ধরেই STAMP ফ্যাসিলিটির একজন সমর্থক, এবং আমি গভর্নর হোকল, সিনেটর শুমার, এবং সরকারে আমার অংশীদারদের প্রতি কৃতজ্ঞ, আমাদের সম্প্রদায়ের ভবিষ্যতে বিনিয়োগ করার জন্য তাদের প্রতিশ্রুতির কারণে।"

**জেনেসি কাউন্টি আইনসভার প্রধান শেলি স্টেইন বলেন,** "আমরা অতি গর্বিত যে STAMP জেনেসি কাউন্টির ইতিহাসের সর্ববৃহৎ অর্থনৈতিক বিকাশ বিনিয়োগের স্থান হবে। জেনেসি কাউন্টি আইনসভায় আমার সহকর্মীদের পক্ষ থেকে, আমরা এডওয়ার্ডস ভ্যাকুয়ামকে আমাদের সম্প্রদায়ে স্বাগত জানাচ্ছি, এবং এখানে তাদের সাফল্য এবং আমাদের পরিশ্রমী বাসিন্দাদের জন্য তারা যেই ক্যারিয়ার সুযোগ প্রদান করবে তা দেখতে উন্মুখ। এই ঘোষণাটি আমাদের দেশে একবিংশ শতাব্দীর উৎপাদনের জন্য পরিকল্পনা, প্রস্তুতি ও স্বাগত জানাতে জেনেসি কাউন্টির নিরলস মনোযোগ প্রদর্শন করে।"

**অ্যালাবামা টাউনের সুপারভাইজার রব ক্রোসেন বলেন,** "STAMP-র বিকাশের মাধ্যমে আমাদের একই ভিশন জেনেসি কাউন্টিতে নতুন কর্মসংস্থান ও বিনিয়োগ নিয়ে আসতে এবং আমাদের বাসিন্দাদের জীবনযাত্রার মান উন্নত করতে একটি ভূমিকা পালন করবে। বর্ধিত অবকাঠামো উন্নয়নের মাধ্যমে পরেরটি শুরু হয়ে গেছে, বিশেষ করে যেহেতু এটি পানি সেবার সাথে সম্পর্কিত, এবং আমরা আনন্দিত যে STAMP এবং আমাদের সম্প্রদায় আধুনিক প্রস্তুতকারক কোম্পানি এবং ভালো বেতনের চাকরিকে আকৃষ্ট করতে পারছে।"

**ফিঙ্গার লেকস আঞ্চলিক অর্থনৈতিক বিকাশ পরিষদের (Finger Lakes Regional Economic Development Council) সহপ্রধান, গ্রেটার রচেস্টার চেম্বার অফ কমার্সের (Greater Rochester Chamber of Commerce) প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী কর্মকর্তা বব ডাফি এবং নিউ ইয়র্ক স্টেট ইউনিভার্সিটি (State University of New York, SUNY) জিনেসোর প্রেসিডেন্ট ডেনিস ব্যাটলস বলেন,** "আমরা এডওয়ার্ডস ভ্যাকুয়ামকে এই দুর্দান্ত প্রকল্পের জন্য অভিনন্দন জানাচ্ছি, এবং তাদেরকে জেনেসি কাউন্টির অত্যাধুনিক ওয়েস্টার্ন নিউ ইয়র্ক বিজ্ঞান, প্রযুক্তি ও আধুনিক প্রস্তুতকারক পার্কে স্বাগত জানাচ্ছি। এইসব শীর্ষমানের চাকরি আমাদেরকে আঞ্চলিক অর্থনীতির শক্তিবৃদ্ধি করতে দিবে, প্রযুক্তি ও অগ্রগতির কেন্দ্র হিসেবে এর খ্যাতি আরো বৃদ্ধি করবে।"

**জেনেসি কাউন্টির অর্থনৈতিক বিকাশ কেন্দ্রের প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী কর্মকর্তা স্টিভ হাইড বলেন,** "একটি প্রচলিত কথা আছে যে অর্থনৈতিক বিকাশ একটি ম্যারাথন, স্প্রিন্ট নয় এবং এক দশক আগে যখন STAMP একটি কাগজে কলমের ধারণা ছিলো তখন থেকেই এর সাথে আমরা সেই পন্থা অবলম্বন করেছি। সেজন্য কীভাবে সেই স্থির ও উদ্দেশ্যপূর্ণ পন্থার ফলাফল হিসেবে বহু বছর ধরে আমাদের সরকারি ও বেসরকারি খাতের অংশীদারদের দ্বারা করা বিনিয়োগ, এবং বিশেষ করে সিনেটর শুমার ও গভর্নর হোকলের আজকের ঘোষণা দ্বারা উল্লেখযোগ্য বিনিয়োগ ফেরত পাওয়া যাচ্ছে তা দেখা অত্যন্ত সন্তোষজনক। এই ঘোষণাটি

প্রদর্শন করে যে STAMP এবং আমাদের অঞ্চল সেমিকন্ডাক্টর শিল্পখাতের বিকাশের জন্য একটি আদর্শ অবস্থান।"

**গ্রেটার রচেস্টার এন্টারপ্রাইজের (Greater Rochester Enterprise, GRE) প্রেসিডেন্ট এবং প্রধান নির্বাহী কর্মকর্তা ম্যাট হার্লবাট বলেন,** "এডওয়ার্ডস ভ্যাকুয়াম, একটি উদ্ভাবনী ভ্যাকুয়াম সরঞ্জাম প্রস্তুতকারক যা সেমিকন্ডাক্টর শিল্পখাতে ব্যবহৃত হয়, নিউ ইয়র্কের গ্রেটার রচেস্টার অঞ্চলের ওয়েস্টার্ন নিউ ইয়র্ক বিজ্ঞান ও প্রযুক্তি আধুনিক প্রস্তুতকারক পার্কে নিজেদের সম্প্রসারণ করছে, যাতে এই মেগা সাইটের অনন্য অবকাঠামোকে ব্যবহার করা যায়, যার মধ্যে আছে নির্ভরযোগ্য, স্বল্প খরচের জলবিদ্যুৎ এবং অফুরন্ত পানির সরবরাহ। এছাড়াও নিউ ইয়র্কের রচেস্টার আকর্ষণীয় কারণ এখানে উচ্চ দক্ষতার প্রতিভার ঘনত্ব রয়েছে যারা পুরকৌশল ও তড়িৎকৌশলে অভিজ্ঞ এবং আঞ্চলিক কর্মীবাহিনী বিকাশের অংশীদার রয়েছে যারা এডওয়ার্ড ভ্যাকুয়ামের ভবিষ্যৎ কর্মীবাহিনীকে প্রশিক্ষিত করতে পরপর গ্রহণ করা যায় এমন ক্রেডেনশিয়াল কর্মসূচি ও প্রত্যয়ন কর্মসূচি প্রদান করে থাকে। GRE এডওয়ার্ডস ভ্যাকুয়ামকে একাধিক অর্থনৈতিক বিকাশ সংস্থানের সাথে সংযুক্ত করছে যাতে রচেস্টারে এই সম্প্রসারণকে সমর্থন করা যায় এবং তারা প্রকল্পটি চলাকালীন কোম্পানিকে সমর্থন করা অব্যাহত রাখবে।"

এই মুখ্য বিনিয়োগটি নিউ ইয়র্কের ইতিমধ্যে বলিষ্ঠ সেমিকন্ডাক্টর শিল্পখাতে আরো সংযোজন করে। সেন্ট্রাল নিউ ইয়র্কে মাইক্রনের প্রধান 100 বিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগের পাশাপাশি, নিউ ইয়র্কে একাধিক বৈশ্বিক শিল্পখাতের চিপ নেতা রয়েছে যেমন গ্লোবালফাউন্ড্রিজ, উলফস্পিড, অনসেমি, এবং ইন্টারন্যাশনাল বিজনেস মেশিনস কর্পোরেশন (International Business Machines Corporation, IBM)। এছাড়াও নিউ ইয়র্কে আছে বিশ্বে সুপরিচিত অ্যালবানি ন্যানোটেক কমপ্লেক্স (Albany Nanotech Complex), যা একটি বহুবিলিয়ন মার্কিন ডলারের সরকারি-বেসরকারি অংশীদারিত্ব, যেখানে আছে সর্বাধিক উন্নত, সরকারি মালিকানাধীন, 300-মিলিমিটার সেমিকন্ডাক্টরের গবেষণা ও বিকাশ ফ্যাসিলিটি এবং যা প্রধান প্রধান ইউনিভার্সিটি ও শীর্ষ শিল্প নেতাদের একত্রে এনে অত্যাধুনিক চিপ বিকাশ চালিত করে। গভর্নর হোকল এবং সিনেটর শুমারের নিরলস অ্যাডভোকেসির কারণে, এডোয়ার্ডসের সেমিকন্ডাক্টর সরবরাহ চেইন মতো কোম্পানিও ভালোভাবে প্রবৃদ্ধি করছে। এর আগে এই বছরে কর্নিং ইনকর্পোরেটেড বর্ধনশীল সেমিকন্ডাক্টর বাজারের চাহিদা পূরণ করতে মনরো কাউন্টিতে 139 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করে 270টি নতুন চাকরি তৈরি করেছে।

## এডওয়ার্ডস ভ্যাকুয়াম সম্পর্কে

এডওয়ার্ডস পরিশীলিত ভ্যাকুয়াম পণ্য, এক্সস্ট ব্যবস্থাপনা সিস্টেম এবং সম্পর্কিত মূল্য সংযোজিত সেবার শীর্ষ নির্মাতা ও প্রস্তুতকারক। এগুলি সেমিকন্ডাক্টর, ফ্ল্যাট প্যানেল ডিসপ্লে, LED এবং সৌর কোষ উৎপাদন প্রক্রিয়ার অবিচ্ছেদ্য অংশ; যা ক্রমবর্ধমান বৈচিত্র্যময় ব্যাপ্তির শিল্পজাত প্রক্রিয়াতে ব্যবহৃত হয় যার মধ্যে রয়েছে বিদ্যুৎ, কাঁচ এবং অন্যান্য প্রলেপ প্রয়োগ, স্টিল ও অন্যান্য মেটালার্গি, ফার্মাসিউটিক্যাল এবং রাসায়নিক; এবং বৈজ্ঞানিক যন্ত্রপাতি ও ব্যাপক ব্যাপ্তির গবেষণা ও বিকাশ (Research & Development, R&D) প্রয়োগের জন্য।

এডওয়ার্ডস বিশ্বব্যাপী 8,000 কর্মীকে উচ্চ প্রযুক্তির ভ্যাকুয়াম এবং এক্সস্ট ব্যবস্থাপনা প্রযুক্তির নকশা, উৎপাদন ও সমর্থনে নিযুক্ত করে রেখেছে এবং ইউরোপ, এশিয়া ও উত্তর আমেরিকাতে এর অত্যাধুনিক উৎপাদন কারখানা রয়েছে।

এডওয়ার্ডস হলো অ্যাটলাস কপকো গ্রুপের (NASDAQ OMX স্টকহোম: ATCO A, ATCO B) অংশ, এটি একটি সুইডেনভিত্তিক শিল্পজাত উৎপাদনশীলতা সমাধান প্রদানকারী এডওয়ার্ডস সম্পর্কে আরো তথ্য জানা যাবে www.edwardsvacuum.com এ।

**ফিঙ্গার লেক ফরওয়ার্ড ত্বরান্বিত করা**

আজকের ঘোষণাটি "ফিঙ্গার লেকস ফরওয়ার্ড" এর পরিপূরক, যা শক্তিশালী অর্থনৈতিক প্রবৃদ্ধি এবং সম্প্রদায়ের উন্নয়নের জন্য এই অঞ্চলের ব্যাপক ব্লুপ্রিন্ট। আঞ্চলিকভাবে পরিকল্পিত পরিকল্পনাটি ফোটোনিক্স, কৃষি এবং খাদ্য উৎপাদন, এবং উন্নত উত্পাদন সহ মূল শিল্পগুলিতে বিনিয়োগের উপর দৃষ্টি নিবদ্ধ করে। এখন, অঞ্চলটি আপস্টেট পুনর্জাগরণ উদ্যোগের মাধ্যমে 500 মিলিয়ন মার্কিন ডলারের রাষ্ট্রীয় বিনিয়োগের সাথে ফিঙ্গার লেকস ফরওয়ার্ডকে ত্বরান্বিত করছে। স্টেটের 500 মিলিয়ন মার্কিন ডলারের বিনিয়োগ বেসরকারি ব্যবসগুলিকে 2.5 বিলিয়ন মার্কিন ডলারেরও বেশি বিনিয়োগ করতে অনুপ্রাণিত করবে - এবং জমা দেওয়া অঞ্চলের পরিকল্পনাটি 8,200-টি অবধি নতুন চাকরি প্রদান করার আশা রাখে। আরো তথ্য এখানে পাবেন।

**এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট সম্পর্কে**

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট নিউ ইয়র্কের মুখ্য অর্থনৈতিক উন্নয়ন এজেন্সি। ESD এর মিশন হচ্ছে একটি উন্নত এবং ক্রমবর্ধমান অর্থনীতি প্রতিষ্ঠা করা, নতুন কর্মসংস্থান এবং অর্থনৈতিক সুযোগের তৈরিকরণ উৎসাহিত করা, স্টেট এবং তার মিউনিসিপ্যালিটিস রাজস্ব বৃদ্ধি করা এবং স্থিতিশীল ও বৈচিত্র্যময় স্থানীয় অর্থনীতি অর্জন করা। ঋণ, অনুদান, ট্যাক্স ক্রেডিট এবং আর্থিক সহায়তার অন্যান্য ধরণগুলি ব্যবহার করে, ESD বেসরকারি ব্যবসার বিনিয়োগ বৃদ্ধি করতে এবং প্রবৃদ্ধি সৃষ্টি করে নিউ ইয়র্ক স্টেট জুড়ে চাকরি তৈরি করা এবং সমৃদ্ধ সম্প্রদায়গুলিকে সমর্থন করার চেষ্টা করে। এছাড়াও নিউ ইয়র্কের রিজিওনাল ইকোনোমিক ডেভেলপমেন্ট কাউন্সিলস এবং "আমি নিউ ইয়র্ককে ভালোবাসি (I LOVE NEW YORK)," এই স্টেটের সবচেয়ে আদর্শ ভ্রমণ ব্যবস্থার ব্র্যান্ডের মার্কেটিং তত্ত্বাবধান করার প্রাথমিক প্রশাসনিক এজেন্সি হচ্ছে ESD। আঞ্চলিক কাউন্সিল এবং এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট সম্পর্কে আরো তথ্যের জন্য, অনুগ্রহ করে http://www.regionalcouncils.ny.gov/ এবং http://www.esd.ny.gov/ দেখুন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে: www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418